# আশুলিয়ায় একই পরিবারের তিনজনের মরদেহ উদ্ধার



সংগৃহীত ছবি

আশুলিয়ায় তালাবদ্ধ একটি ঘর থেকে একই পরিবারের বাবা-মা ও মেয়ের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। প্রাথমিক ধারণা, স্বামী স্ত্রী ও সন্তানকে হত্যা করার পর আত্মহত্যা করেছেন তিনি।

রোববার (১৪ সেপ্টেম্বর) রাতে আশুলিয়ার ইয়ারপুর ইউনিয়নের নরসিংহপুর ৬ নম্বর ওয়ার্ডে একটি বাসা থেকে তিনজনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। নিহতরা হলেন রুবেল আহমেদ (৩৫), তার স্ত্রী সনি আক্তার (২৮) এবং তাদের ৬ বছর বয়সী মেয়ে জমিলা।

আশুলিয়া থানার অফিসার-ইনচার্জ (ওসি) আব্দুল হান্নান জানিয়েছেন, স্থানীয়দের তথ্যের ভিত্তিতে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তালাবদ্ধ ঘর থেকে মরদেহ উদ্ধার করেছে। প্রাথমিক তদন্তে মনে করা হচ্ছে, রুবেল আহমেদ তার স্ত্রী ও মেয়েকে হত্যা করার পর আত্মহত্যা করেছেন। মৃতদেহগুলো ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠানো হয়েছে।

LENS ASIA